

সেবা পরিদপ্তর

সেবা পরিদপ্তর

২০১২-২০১৩ অর্থবছরে সেবা পরিদপ্তরের আওতাধীন বিভিন্ন প্রতিষ্ঠানের অর্জিত সাফল্যের বর্ণনাঃ

বর্তমানে সেবা পরিদপ্তরের জনবলের পরিসংখ্যান -	নার্সিং + নন-নার্সিং পদ
● মঞ্জুরিকৃত পদ -	২৪,৪৮৪ টি .
● কর্মরত পদ -	১৮,১৬১ টি .
● শূন্য পদ -	৬,১১৮ টি ।

মাননীয় প্রধানমন্ত্রীর ঘোষণা অনুযায়ী বেসামরিক ক্ষেত্রে নার্সিং পেশায় নিয়োজিত ডিপ্লোমাধারী নার্সদের (সিনিয়র স্টাফ নার্স, স্টাফ নার্স, পাবলিক হেলথ নার্স ও নার্স) পদমর্যাদা আর্থিক সুবিধাসহ ৩য় শ্রেণি (বেতনস্কেল ৬৪০০-৪২৫৫/-) থেকে ২য় শ্রেণি (৮০০০-১৬৫৪০/-)-তে উন্নীত করা হয়েছে;

বিভিন্ন পর্যায়ে সরকারি স্বাস্থ্য প্রতিষ্ঠানের জন্য বিভিন্ন ক্যাটাগরীর ৫৬০৫টি পদ সৃজন করা হয়েছে, যেমন-

- সেবা তত্ত্বাবধায়ক- ০৯টি,
- উপ-সেবা তত্ত্বাবধায়ক- ০৭টি,
- পাবলিক হেলথ নার্স- ০৪টি,
- নার্সিং সুপারভাইজার- ৪৮টি এবং
- সিনিয়র স্টাফ নার্স- ৫৫৩৭টি পদ;

২৬২৭টি শূন্য পদের মধ্যে ২০১০ সালে মোট ১৭৪৭টি পদে সিনিয়র স্টাফ নার্স নিয়োগ দেয়া হয়েছে, যার মধ্যে ৩৩ জন মুক্তিযোদ্ধা কোটায় নিয়োগ পেয়েছেন;

১. ৩৫০০ নার্সিং কর্মকর্তা-কর্মচারিকে উচ্চতর টাইমস্কেল প্রদান করা হয়েছে;

২. সিনিয়র স্টাফ নার্স-এর নবসৃজিত এবং শূন্য পদ মিলিয়ে মোট ৪১০০টি পদে ২০১৩ সালের সেপ্টেম্বর-অক্টোবর মাসে ৪১০০জন নার্সকে নিয়োগ দেয়া হয়েছে;

৩. মেডিকেল কলেজ হাসপাতাল সংলগ্ন প্রাক্তন ০৭ (সাত)-টি নার্সিং ইনস্টিটিউট (ঢাকা, ময়মনসিংহ, চট্টগ্রাম, রাজশাহী, রংপুর, বরিশাল এবং সিলেট)-কে ৭০০ আসন বিশিষ্ট নার্সিং কলেজে উন্নীত করে ৪-বছর মেয়াদি বেসিক বিএসসি ইন-নার্সিং কোর্স চালু করা হয়েছে ২০০৮ সালে। প্রতি বৎসর মোট ৭০০ শত ছাত্র-ছাত্রী বিএসসি প্রোগ্রামে পড়ার সুযোগ পাচ্ছে ;

৪. নব প্রতিষ্ঠিত ৩৭৫ আসন বিশিষ্ট ০৩ (তিন)-টি পোস্ট বেসিক নার্সিং কলেজ- বগুড়া, ফৌজদারহাট ও খুলনায় বিভিন্ন শ্রেণির ৯৩টি প্রথম শ্রেণির নার্স-শিক্ষক পদ; ০৩টি নন-নার্স শিক্ষক পদসহ ৬৩টি নন-নার্স কর্মকর্তা-কর্মচারি এবং ৫৭টি আউটসোর্সিং নন-নার্সিং পদ মিলিয়ে মোট ২১৬টি পদ সৃজন করা হয়েছে;

৫. নব প্রতিষ্ঠিত ০২ (দুই)-টি পোস্ট বেসিক নার্সিং কলেজ-বগুড়া এবং ফৌজদারহাটের জন্য প্রয়োজনীয় আসবাবপত্র, যন্ত্রপাতি, যানবাহন ও অন্যান্য সামগ্রী ক্রয় ও বিতরণ করা হয়েছে। সংশ্লিষ্ট কলেজে সৃষ্ট নার্স-শিক্ষক ও অন্যান্য নন-নার্স পদে জনবল বহালকরতঃ ২০১১-২০১২ শিক্ষাবর্ষ হতে ২-বছর মেয়াদি পোস্ট বেসিক বিএসসি ইন-নার্সিং এবং বিএসসি ইন-পাবলিক হেলথ নার্সিং কোর্স চালু করা হয়েছে;

৬. বর্তমানে সৃষ্ট ৫০০ আসনের মধ্যে প্রতিবছর ৩৭৫জন দেশী-বিদেশী নারী ও পুরুষ শিক্ষার্থী (কলেজ অব নার্সিং মহাখালী, ঢাকায়, ৫টি আসন বিদেশী শিক্ষার্থীদের জন্য সংরক্ষিত) ২-বছর মেয়াদি পোস্ট বেসিক বিএসসি ইন-নার্সিং এবং বিএসসি ইন-পাবলিক হেলথ নার্সিং কোর্স করার সুযোগ পাচ্ছে;

৭. ০৭টি নার্সিং কলেজের একাডেমিক কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনার স্বার্থে বিভিন্ন শ্রেণির ৯১০টি নার্সিং শিক্ষকপদ এবং ৭০৮টি নন-নার্সিং কর্মকর্তা-কর্মচারি পদ সৃজনের প্রস্তাব মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে, যা প্রক্রিয়াধীন;

৮. জেলা পর্যায়ে ১২ (বার)-টি নার্সিং ইনস্টিটিউট (গোপালগঞ্জ, মাদারীপুর, চাঁদপুর, নওগা, নীলফামারী, পঞ্চগড়, ঝিনাইদহ, পিরোজপুর, বরগুনা, জামালপুর, হবিগঞ্জ এবং কিশোরগঞ্জ) প্রতিষ্ঠার পর এ সকল ইনস্টিটিউটের জন্য ৬০ (ষাট)-টি ২য় শ্রেণির নার্স-শিক্ষক পদ এবং ৯৬টি নন-নার্স পদ সৃজন করা হয়েছে;

৯. নব প্রতিষ্ঠিত ১২টি নার্সিং ইনস্টিটিউটে গত ২০১০-২০১১ শিক্ষাবর্ষ হতে ৩-বছর মেয়াদি ডিপ্লোমা-ইন-নার্সিং সাইন্স এ্যান্ড মিডওয়াইফারী কোর্স চালু করা হয়েছে;

১০. ৪৩টি নার্সিং ইনস্টিটিউটে সৃষ্ট আসন সংখ্যা ১৫৭০ হতে ২৫৮০-তে বৃদ্ধি করা হয়েছে;

১১. ৪৩টি নার্সিং ইনস্টিটিউট এবং ১১টি নার্সিং কলেজে নিম্নবর্ণিত জিনিষপত্র সরবরাহ করা হয়েছে, যেমন-

- ১০০৮টি কম্পিউটার,
- ১১৩টি ল্যাপটপ,
- ২৩টি ডিজিটাল ভিডিও ক্যামেরা,
- ১৩২টি মাল্টি মিডিয়া,
- ১৫৭টি ওএইচপি,
- ৪৪টি মাইক্রোসকোপ,
- ৬৩টি টেলিভিশন,
- ৫০টি রেফ্রিজারেটর,
- ১৫২টি মাইক্রোবাস,
- ৫০টি গাড়ী এবং
- বিভিন্ন প্রকার টিচিং এইড (মডেল, চার্ট), বই-পুস্তক এবং আসবাবপত্র।

১২. ২য় শ্রেণির ১০১জন সিনিয়র নার্সিং কর্মকর্তাকে ১ম শ্রেণির বিভিন্ন পদে (অধ্যক্ষ, সহকারী অধ্যাপক, প্রজেক্ট অফিসার, নার্সিং সুপারিনটেনডেন্ট, সহকারী পরিচালক, প্রভাষক) চলতি দায়িত্বে পদায়ন করা হয়েছে;

১৩. সিনিয়র স্টাফ নার্স পদে কর্মরত ৭১৭জন নার্সকে ৬-মাস মেয়াদি সার্টিফাইড মিডওয়াইফারী কোর্স প্রদানপূর্বক কিছু সংখ্যক মিডওয়াইফকে বিভিন্ন উপজেলা হেলথ কমপ্লেক্সে পদায়ন করা হয়েছে;

১৪. ৪২১টি উপজেলা হেলথ কমপ্লেক্স এবং ১৩১২টি ইউনিয়ন সাব সেন্টারের জন্য ৩০০০ (তিনহাজার) মিডওয়াইফ পদ সৃষ্টির ব্যবস্থা নেয়া হয়েছে;

১৫. দেশে অধিকতর মিডওয়াইফ তৈরীর লক্ষ্যে ২০ (কুড়ি)-টি নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে (১২টি নার্সিং ইনস্টিটিউট এবং ০৮টি নার্সিং কলেজ) মোট ৫২৫টি আসন সৃষ্টি করার পর এ সকল আসনে ছাত্রী ভর্তির মাধ্যমে ২০১২-২০১৩ শিক্ষা বর্ষ হতে ৩-বছর মেয়াদি ডিপ্লোমা-ইন মিডওয়াইফারী কোর্স চালু করা হয়েছে;

১৬. ডিজিটাল বাংলাদেশ গড়ার অংশ হিসেবে ৮টি নার্সিং কলেজ এবং ২০টি নার্সিং ইনস্টিটিউটে ইন্টারনেট সংযোগ দেয়া হয়েছে;

১৭. বিভিন্ন পদে কর্মরত নার্সিং কর্মকর্তাদের জ্ঞান, দক্ষতা ও যোগ্যতা বৃদ্ধির লক্ষ্যে ইন-সার্ভিস ট্রেনিং এবং উচ্চতর শিক্ষা গ্রহণের সুযোগ প্রদান করা হয়েছে, যেমন-

- বর্তমানে থাইল্যান্ডে অবস্থিত বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে (প্রিন্স অব সংক্রা; মাহিদুল এবং চিয়াংমাই ইউনিভার্সিটি) ০৯ (নয়)-জন নার্সিং কর্মকর্তা নার্সিং বিষয়ে পিএইচডি করছেন;
- বর্তমানে ৪৯ (উনপঞ্চাশ) জন নার্সিং কর্মকর্তা থাইল্যান্ডের বিভিন্ন ইউনিভার্সিটিতে নার্সিংয়ে মাস্টার্স করছেন;
- প্রিন্স অব সংক্রা ইউনিভার্সিটি, থাইল্যান্ড হতে ১ (এক) জন নার্সিং কর্মকর্তা পিএইচডি শেষে দেশে ফিরে নার্সিং শিক্ষা প্রতিষ্ঠানে যোগ দিয়েছেন;
- ২০১২ সালে থাইল্যান্ড হতে মোট ২৬ (ছাব্বিশ) জন নার্সিং কর্মকর্তা নার্সিং সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে মাস্টার্স শেষ করে নার্সিং শিক্ষা এবং স্বাস্থ্য প্রতিষ্ঠানে যোগ দিয়েছেন;
- বিভিন্ন দেশ (থাইল্যান্ড; মালয়শিয়া; শ্রীলংকা ও ফিলিপাইন) হতে ৫১৭ (পাঁচশত সতেরো) জন নার্সিং কর্মকর্তা নিম্নে বর্ণিত স্বল্প-মেয়াদি বিশেষায়িত কোর্স শেষ করে বিভিন্ন স্তরের নার্সিং শিক্ষা এবং স্বাস্থ্য প্রতিষ্ঠানে কাজ করছেন;
 - ❖ কার্ডিয়াক নার্সিং;
 - ❖ ক্যাথ ল্যাব নার্সিং;
 - ❖ আইসিইউ;
 - ❖ ন্যাফরোলোজী ও কিডনী ট্রান্সপ্লান্ট নার্সিং;
 - ❖ রেসপিরেটরী নার্সিং;
 - ❖ অনকোলোজি নার্সিং;
 - ❖ ট্রমা এ্যান্ড ইমারজেন্সি নার্সিং;
 - ❖ সাইকিয়াট্রিক এ্যান্ড মেন্টাল হেলথ নার্সিং;
 - ❖ অবথালমোলোজী নার্সিং;
 - ❖ এ্যাডাল্ট নার্সিং;
 - ❖ পেডিয়েট্রিক নার্সিং;
 - ❖ ওরো-ডেন্টাল নার্সিং;
 - ❖ মিডওয়াইফারী;
 - ❖ নার্সিং কেয়ার প্রভিশন;
 - ❖ হাসপাতাল ম্যানেজমেন্ট এবং পলিসি ফর্মুলেশন;

১৮. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত ৭০০ নার্সিং কর্মকর্তাকে স্থানীয়ভাবে নিম্নবর্ণিত বিষয়ে স্বল্প-মেয়াদি প্রশিক্ষণ প্রদান করা হয়েছে-

- ❖ এভিডেন্স বেজড নার্সিং
- ❖ কার্ডিয়াক নার্সিং
- ❖ ন্যাফরোলোজী ও কিডনী ট্রান্সপ্লান্ট নার্সিং;
- ❖ ক্যাথ ল্যাব নার্সিং;
- ❖ ট্রমা এ্যান্ড ইমারজেন্সি নার্সিং
- ❖ অনকোলোজি নার্সিং;

১৯. সরকারি প্রতিষ্ঠানে কর্মরত ১৭১জন সহকারী নার্সকে সিনিয়র স্টাফ নার্স পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।